গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ
web: gafargaon.mymensingh.gov.bd

নম্বর : ০৫.৪৫.৬১২২.০০৩.০১.০০১.২৫- ১৩৬ তারিখঃ ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## হাট-বাজার/ফেরীঘাটসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গফরগাঁও উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত নিম্নবর্ণিত হাট-বাজার/ফেরীঘাটসমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের জন্য সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত প্রচলিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা দরপত্র বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। নিম্নবর্ণিত হাট-বাজার/ফেরীঘাটসমূহের দরপত্র নির্ধারিত তারিখে সকাল ৯.০০ মিঃ থেকে বেলা ১.০০ মিঃ পর্যন্ত সময়ে জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের কার্যালয়ের (স্থানীয় সরকার শাখায়),উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যালয়ে রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিন বেলা ৩.০০ মিঃ দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত ডাকের তারিখের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উল্লিখিত অফিসসমূহ হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। তবে নির্ধারিত তারিখে ক্রয়কৃত সিডিউল পরবর্তী ডাকের তারিখ/তারিখসমূহে গ্রহণযোগ্য হবে না।

### হাট-বাজার/ফেরীঘাটসমূহের ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডার

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র গ্রহণের তারিখ ও সময়) (সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র ফরম বিক্রয়ের স্থান |
|---|---|---|---|
| ১ম | ২৪.০২.২০২৫ সোমবার ১১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ | ২৫.০২.২০২৫ মঙ্গলবার ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ | ১। জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার, শাখা, ময়মনসিংহ<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও, য়মনসিংহ<br>৩। সহকারী কমিশনার (ভূমি), অফিস, গফরগাঁও, ময়মনসিংহ<br>৪। অফিসার ইনচার্জ গফরগাঁও/পাগলা থানা<br>৫। সোনালী ব্যাংক, গফরগাঁও শাখা |
| ২য় | ০৯.০৩.২০২৫ রবিবার ২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ | ১০.০৩.২০২৫ সোমবার ২৫ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ | |
| ৩য় | ১৯.০৩.২০২৫ বুধবার ৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ | ২০.০৩.২০২৫ বৃহস্পতিবার ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ | |

### হাট-বাজার সংক্রান্ত তথ্যাদি :

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন | ১৪৩২ বাংলা সনের সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১. | আমলীতলা বাজার | রসুলপুর | ৪৯,৯০৮/- | ৫০০/- |
| ২. | চারআনী বাজার | " | ৩,২৫০/- | ৫০০/- |
| ৩. | বুলবুলের বাজার | " | ৪৪,৩৪৩/- | ৫০০/- |
| ৪. | ভরভরা নতুন বাজার | " | ২৮,৬২০/- | ৫০০/- |
| ৫. | শনির বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ৬. | মাইজহাটি আব্দুল্লাহ বাজার | বারবাড়িয়া | ৫,১৯৪/- | ৫০০/- |
| ৭. | পাকাটি বাজার | " | ১,২৭,৩১৭/- | ১,০০০/- |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | চরমছলন্দ কাচারী বাজার | চরআলগী | ৩৭,৫৯৫/- | ৫০০/- |
| ৯. | চরমছলন্দ বিশ্বরোড বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ১০. | শিবগঞ্জ বাজার | যশরা | ১০,৬৭,৭৭৩/- | ২,৮০০/- |
| ১১. | খোদাবক্সপুর বাজার | " | ১৩,২৫০/- | ৫০০/- |
| ১২. | চৌরাস্তা দুলাল ভেন্ডারের বাজার | " | ৫,৭৪২/- | ৫০০/- |
| ১৩. | দৌলতপুর মানেখাঁর বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ১৪. | আঠারদানা শেখ বাজার | " | ২৪,৯১০/- | ৫০০/- |
| ১৫. | বখুরা বটতলা বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ১৬. | ইমামগঞ্জ বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ১৭. | কুরার বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ১৮. | দীঘা স্কুলের বাজার | রাওনা | ১,০৬০/- | ৫০০/- |
| ১৯. | খারুয়া বড়াইল বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ২০. | লক্ষীর বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ২১. | পাঁচুয়া বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ২২. | ছয়বাড়িয়া বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ২৩. | মুখী স্কুল বাজার | মশাখালী | ৭,৬৩,৭৩০/- | ২,২০০/- |
| ২৪. | মশাখালী শিলা কাচারী বাজার | " | ৫৪,৭৬৭/- | ৫০০/- |
| ২৫. | বলদী বাজার | " | ১,৬০৪/- | ৫০০/- |
| ২৬. | প্রসাদপুর বাজার | " | ১,২৫৪/- | ৫০০/- |
| ২৭. | হাতিখলা বাজার | গফরগাঁও | ১৩,৯২১/- | ৫০০/- |
| ২৮. | পাঁচপাই বাজার | " | ৩৯,২২০/- | ৫০০/- |
| ২৯. | তেঁতুলিয়া বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ৩০. | শিববাড়ী বাজার | " | ১,৮৯০/- | ৫০০/- |
| ৩১. | হালিমাবাদ (গলাকাটা) বাজার | পাঁচবাগ | ৩৩,২১৩/- | ৫০০/- |
| ৩২. | নলচিড়া পালের বাজার | " | ৯৪,৮৭০/- | ৫০০/- |
| ৩৩. | গাভীশিমুল বাজার | " | ৮,২৩৩/- | ৫০০/- |
| ৩৪. | চাইরবাড়িয়া বাজার | লংগাইর | ৭,৭৯,৮০৭/- | ২২,০০০/- |
| ৩৫. | উঠিয়ার বাজার | " | ৭,০৩,১৩৩/- | ২২,০০/- |
| ৩৬. | গয়েশপুর বাজার | পাইথল | ২,৩৫,৮৭৩/- | ১,২০০/- |
| ৩৭. | জয়ধরখালী বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ৩৮. | দত্তের বাজার | দত্তের বাজার | ১৪,১২,৬২৭/- | ৩,৬০০/- |
| ৩৯. | কুরচাই বকুলতলা বাজার | নিগুয়ারী | ৪,৪১৭/- | ৫০০/- |
| ৪০. | সুতার চাপড় বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ৪১. | সুতার চাপড় মুক্তিযোদ্ধা বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ৪২. | পাতলাশী বাজার | " | ১,৪১৩/- | ৫০০/- |
| ৪৩. | বারইহাটী বাজার | টাংগাব | ২,৯৭,১৫৩/- | ১,২০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৪. | বামনখালী বটতলা বাজার | " | ১,২৬,১৪০/- | ১,০০০/- |
| ৪৫. | টাংগাব বাজার | " | ৪,৬৬৪/- | ৫০০/- |
| ৪৬. | বাঁশিয়া বাজার | " | ১,৮২০/- | ৫০০/- |
| ৪৭. | টাংগাব ডাক বাংলো বাজার | " | ১,০০০/- | ৫০০/- |
| ৪৮. | চরমছলন্দ উত্তর নয়াপাড়া বাজার | চরআলগী | ১৫,৫৪৭/- | ৫০০/- |

ফেরীঘাট সংক্রান্ত তথ্যাদি :

| ক্রঃ নং | ফেরীঘাটের নাম | ইউনিয়ন | ১৪৩২ বাংলা সনের সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১. | তেঁতুলিয়া ফেরীঘাট | চরআলগী/গফরগাঁও | ৩,৩০০/- | ৫০০/- |
| ২. | টাংগাব (কানার) ফেরীঘাট | টাংগাব | ৩,০০০/- | ৫০০/- |

বাংলা ১৪৩২ সনের হাট-বাজার/ফেরীঘাট ইজারার শর্তাবলী :

১. বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার/ফেরীঘাট ইজারা দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার গফরগাঁও, ময়মনসিংহ এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার/ফেরীঘাট নিচ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজার/ফেরীঘাটের সরকারী মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩৫০/-নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজাদারকে প্রদান করা হবে।

CamScanner

১৬. হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭.চুক্তি পত্রের কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাবে।
১৮.কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০২/২০২৫

(রুবাইয়া ইয়াসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

নম্বর : ০৫.৪৫.৬১২২.০০৩.০১.০০১.২৫-১৫৮/১(১০০)

তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার-----------------(সকল), ময়মনসিংহ।
০৭। সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা/পাগলা থানা, গফরগাঁও, ময়মনসিংহ
০৯। উপজেলা .......................... অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
১০। প্রশাসক,.............................ইউনিয়ন পরিষদ (সকল), গফরগাঁও, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি মাইক ও ঢোল সহরত যোগে সকল হাট-বাজার ও ইউনিয়নের জনবহুল স্থানে টানিয়ে/প্রচার করে নির্ধারিত তারিখের পূর্বে বহুল প্রচারের প্রতিবেদন অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো
১১। সম্পাদক,...................................... ময়মনসিংহ। তাঁকে সর্বনিম্ন খরচে পত্রিকা প্রদর্শনীয় স্থানে আগামী ................ ইং তারিখের মধ্যে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা............................ ইউ. ভূমি অফিস (সকল), গফরগাঁও, ময়মনসিংহ। তাকে বিজ্ঞপ্তিটি মাইক ও ঢোল সহরতের মাধ্যমে সকল হাট-বাজার ও ইউনিয়নের জনবহুল স্থানে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো এবং এস আর নিম্নস্বাক্ষরকারীর অফিসে ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৩। ষ্টেশন মাস্টার, গফরগাঁও রেলওয়ে ষ্টেশন, গফরগাঁও, ময়মনসিংহ।
১৪। জনাব.................................................................................।
১৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

০৫/০২/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

CamScanner